

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
রায়পুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি শিঃ
রায়পুর, লক্ষ্মীপুর।

স্মারকনং- ৪৭.৬২.৫১৫৮.০০০.১১.০০৩.২১.১৩৬

তারিখঃ- ২৬/১০/২০২১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বিআরডিবি সদর দপ্তর, স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৬.০০.৩৮৬.২১-৮৯৯৩ তারিখঃ-২৯/০৯/২০২১খ্রিঃ এবং উপপরিচালক, বিআরডিবি, লক্ষ্মীপুর এর স্মারক নং ৪৭.৬২.৫১০০.৮২৮.০০.৫০৮.১৫.৪০৮ তারিখঃ ০৩/১০/২০২১খ্রিঃ মূলে অনুমোদনের প্রেক্ষিতে রায়পুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি শিঃ এর নিম্ন বর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) জন পরিদর্শক নিয়োগের নিমিত্ত আহ্বায়ী প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রম নং	পদের নাম	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও মূল বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১.	পরিদর্শক	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০	০১(এক)টি	স্নাতক/সমমান ডিগ্রী, ন্যূনতম ২য় বিভাগ/সিজিপিএ ২.২৫>>৩.০০	অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

আবেদনের শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- প্রার্থীর বয়স ৩০ নভেম্বর/২০২১ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ও প্রতিবন্ধীদের সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে অথবা মুক্তিযোদ্ধার পোষ্য হলে সেক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত প্রার্থীদের অন্যান্য সাধারণ তথ্যের সাথে প্রার্থীর নাম, মুক্তিযোদ্ধার নাম, মুক্তিযোদ্ধার পিতার নাম, মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা, মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তি বার্তার নম্বর ও তারিখ, গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার জন্ম তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমানের জাতীয় পরিচয়পত্র অথবা এসএসসি সনদ ইত্যাদি তথ্য আলাদা কাগজে সন্নিবেশন করতে হবে। প্রতিবন্ধী প্রার্থীকে সনদ দাখিল করতে হবে।
- প্রার্থীর আবেদনে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ৩০ নভেম্বর/২০২১খ্রিঃ তারিখে বয়স (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) ট) শিক্ষাগত যোগ্যতার বিবরণী নিম্ন লিখিত ছকে প্রদান করতে হবেঃ-

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শিক্ষাবোর্ড / বিশ্ববিদ্যালয়ের নাম	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/সিজিপিএ নম্বর	উত্তীর্ণ হওয়ার বছর

- প্রার্থীকে স্থায়ী বাসিন্দার স্বপক্ষে পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র দাখিল করতে হবে।
- চাকরির প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাসময়ে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- প্রার্থীকে “রায়পুর ইউসিসি এ শিঃ” শিরোনামে যে কোন তফসিলি ব্যাংক হতে ৬০০/= (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট /পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদন পত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।
- আবেদন পত্রের সাথে(ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রসিদ ছবি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদ (গ) নাগরিক সনদ পত্র (ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র (ঙ) অভিজ্ঞতার সনদপত্র ও অন্যান্য সনদ পত্র (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। ছবি সহ সকল কাগজ পত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে এবং সত্যায়ণকারী কর্মকর্তার নাম ও পদবীর সুস্পষ্ট ডাবে সীল থাকতে হবে।
- উপজেলা পলী উন্নয়ন অফিসার, রায়পুর লক্ষ্মীপুরকে সম্বোধন করা আবেদন পত্র আগামী ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালিন সময়ের মধ্যে ডাকযোগে/হাতে হাতে রায়পুর ইউসিসি এ শিঃ, বিআরডিবি, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর কার্যালয়ে পৌঁছাতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা উল্লেখ পূর্বক ১০(দশ) টাকার ডাকটিকেট লাগানো একটি ১০X৪ ইঞ্চি খাম আবেদন পত্রের সাথে দিতে হবে।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- বাছাই পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবেনা।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় তার সকল সনদ পত্রের মূল কপি প্রদর্শন/উপস্থাপন করতে হবে।
- নিয়োগকৃত কর্মচারী রায়পুর ইউসিসি এ শিঃ এর কর্মচারী হিসেবে গণ্য হবেন এবং ইউসিসিএ’র কর্মচারীদের জন্য পরিদর্শক(১৪ তম গ্রেড) পদের নির্ধারিত বেতন স্কেলে বিতরণকৃত খণ্ডের অর্জিত সেবামূল্য হতে নিয়োগকৃত কর্মচারীর বেতন ভাতাদি পরিশোধ করা হবে।
- নিয়োগকৃত কর্মচারী বিআরডিবি’র কর্মচারী হিসেবে ভবিষ্যতে রাজস্ব বাজেটুক্তি কিংবা বিআরডিবি’র চাকুরীর জন্য অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
- কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ যে কোন সময়ে/পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করতে পারবে।


মোহাম্মদ আবদুস সাব্বার
উপজেলা পলী উন্নয়ন অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর

ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি।

স্মারকনংঃ ৪৭.৬২.৫১৫৮.০০০.১১.০০৩.২১.১৩৬

তারিখঃ- ২৬ /১০/২০২১ খ্রি.

অনুলিপিঃ- সদয় অবগতি ও বহুশ প্রচারের অনুরোধ সহ-

১. পরিচালক(সরেজমিন), বিআরডিবি, ঢাকা।

২. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।

৩. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।

৪. সিভিল সার্জন, লক্ষ্মীপুর।

৫. উপপরিচালক,বিআরডিবি, লক্ষ্মীপুর।

৬. জেলা সমবায় অফিসার, লক্ষ্মীপুর।

৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।

৮. সভাপতি, রায়পুর ইউসিসিএ লিঃ, রায়পুর, লক্ষ্মীপুর।


৯. উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর।

১০. উপজেলা সমবায় অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর।

১১. উপজেলা.....অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর।

১২. সম্পাদক.....পত্রিকা, লক্ষ্মীপুর(তাহার বহুশ প্রচারিত পত্রিকার পরবর্তী সংখ্যায় একদিনের জন্য প্রচারের অনুরোধ সহ)।

১৩. নোটিশ বোর্ড।


উপজেলা পলী উন্নয়ন অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর।